

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৭. ১৭. উর্ধ্বারোহণের পূর্বে যীশুর প্রেরিত ছিলেন কতজন?

মথি নিশ্চিত করেছেন যে, যীশুর বারজন প্রেরিত বা সাহাবীর মধ্যে একজন ইস্করিয়োতীয় যিহূদা/ এহুদা (Judas Iscariot)-এর মৃত্যুর পর প্রেরিতদের সংখ্যা ছিল এগারজন এবং সেই এগার জনই যীশুর পুনরুখানের পর সাক্ষাৎ করেন এবং তাঁদের থেকেই যীশু বিদায় নেন। (মথি ২৭/৩-৫; ২৮/১৬)। প্রেরিতদের কার্যবিবরণ পুস্তকটাও বিষয়টা নিশ্চিত করেছে। এ পুস্তকের বর্ণনায় আমরা দেখি যে, যীশুর উর্ধ্বারোহণের পরে শিষ্যরা মাথিয়াসকে যিহূদার স্থলাভিষক্ত প্রেরিত হিসেবে নির্বাচন করেন। (প্রেরিত ৯/২৬)। কিন্তু এর বিপরীতে সাধু পল লেখেছেন যে, এ সময়ে বারজন প্রেরিত বিদ্যমান ছিলেন। (১ করিন্থীয় ১৫/৫)। আমরা পরবর্তী অধ্যায়ে 'ভুলভ্রান্তি' প্রসঙ্গে পলের বক্তব্য ও অনুবাদের বিকৃতি আলোচনা করব।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14079

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন